TRANSPARENCY INTERNATIONAL BANGLADESH
*Social movement against corruption*

## সংবাদ বিজ্ঞপ্তি

## সনাক সদস্য মুক্তি চৌধূরী-এর  মৃত্যুতে টিআইবি'র শোক প্রকাশ

**ঢাকা, ০৭ মার্চ ২০১০:** ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এর অনুপ্রেরণায় গঠিত সচেতন নাগরিক কমিটি (সনাক) কিশোরগঞ্জ-এর সম্মানিত সদস্য ও নাট্য বিষয়ক উপ-কমিটির আহ্বায়ক এবং কিশোরগঞ্জের বিশিষ্ট সমাজসেবক ও সংস্কৃতি কর্মী জনাব মুক্তি চৌধুরী-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে টিআইবি। তিনি গতকাল বিকেল ৫:৩০ মিনিটে ঢাকায় শহীদ সোহরাওয়ার্দী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫১ বছর।

টিআইবি'র নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান এক শোক বাণীতে বলেন, "তাঁর মৃত্যুতে টিআইবি দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনের এক সক্রিয় সহযোদ্ধাকে হারাল। তাঁর অবদান টিআইবি সবসময় শ্রদ্ধাভরে স্মরণ করবে।" তাঁর মৃত্যুতে টিআইবি ট্রাস্টি, উপদেষ্টা পরিষদের সদস্য, সারাদেশের ৩৬টি এলাকায় গঠিত সনাক সদস্য, স্বজন, ইয়েস ও ইয়েস ফ্রেন্ডস সদস্য এবং টিআইবি'র কর্মীসহ সকলে ব্যথিত। টিআইবি তাঁর আত্মার শান্তি কামনা করছে ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছে।

মুক্তি চৌধুরী দুর্নীতিবিরোধী আন্দোলনে একজন বলিষ্ঠ ও সাহসী যোদ্ধা ছিলেন। তিনি সচেতন নাগরিক কমিটি, কিশোরগঞ্জ-এর প্রতিষ্ঠালগ্ন থেকেই সদস্য হিসেবে যুক্ত ছিলেন। নাট্য বিষয়ক উপ-কমিটি'র আহ্বায়ক হিসেবে তাঁর নেতৃত্বে ইয়েস নাট্য গ্রুপ কিশোরগঞ্জ প্রত্যন্ত অঞ্চলে স্থানীয় বিভিন্ন সেবাখাতের (শিক্ষা, স্বাস্থ্য, স্থানীয় সরকার) দুর্নীতির চিত্র মানুষের সামনে তুলে ধরেছেন ও মানুষকে সচেতন করেছেন। তিনি ছিলেন একাধারে নাট্যকার, সঙ্গীত শিক্ষক, গীতিকার ও অভিনেতা। তিনি শিল্পকলা একাডেমি, কিশোরগঞ্জ জেলার একজন সঙ্গীত শিক্ষক ছিলেন। এছাড়াও বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের সাথে তিনি যুক্ত ছিলেন। তিনি স্ত্রী ও দুই মেয়েকে রেখে গেছেন।


গণমাধ্যম যোগাযোগঃ

**এস. এম. রিজওয়ান - উল - আলম**
পরিচালক - আউটরিচ এন্ড কমিউনিকেশন
মোবাইলঃ ০১৭১৩ ০৬৫০১২
rezwan@ti-bangladesh.org